# উত্তরাখণ্ডের প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজ মহিষাদলের তিন যুবক

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ৮ ফেব্রুয়ারি ঃ শেষ বার কথা হয়েছিল শনিবার। ফোনে কয়েক মিনিট। প্রত্যেক দিনই ছেলেদের সঙ্গে কেবলমাত্র ওইটুকুই কথা বলতে পারতেন বৃদ্ধ বাবা-মা। রাতে কথা বলার পর আর পাঁচ দিনের মতোই খাওয়া-দাওয়া সেরে শুতে চলে গিয়েছিলেন। রবিবার সকালে কথা হয়নি। কিন্তু তাতে বিশেষ আমল দেননি তাঁরা। কারণ সারাদিনই ব্যস্ত থাকেন দুই ছেলে, সেটাই ভেবে নিয়েছিলেন তাঁরা। বিপর্যয়ের খবর প্রতিবেশীদের কাছ থেকে শুনেই ছুটে গিয়ে টিভি চালিয়েছিলেন। আর তারপর থেকে ফোনের পর ফোন! প্রত্যুত্তরে 'নো নেটওয়ার্ক' রেকর্ডিং। উত্তরাখণ্ডে কাজে গিয়ে নিখোঁজ হয়ে যাওয়া পূর্ব মেদিনীপুরের মহিষাদলের তিন সন্তানের বৃদ্ধ দরিদ্র বাবা-মায়ের কাছে এখন গোটা পৃথিবীটাই যেন অন্ধকার। উত্তরাখণ্ডের প্রাকৃতিক বিপর্যয়ে এখনও পর্যন্ত নিখোঁজের সংখ্যা শতাধিক। তাঁদের মধ্যে রয়েছেন মহিষাদলের সুদীপ গুড়িয়া, লালু জানা ও বুলা জানা। উত্তরাখণ্ডের নির্মীয়মাণ ওই জলবিদ্যুৎ প্রকল্পে 'ওম মেটাল' নামে একটি সংস্থার ঠিকাদার হিসাবে কাজ করেন মহিষাদলের লক্ষ্যা গ্রামের বাসিন্দা লালু জানা। কাজে যোগ দেওয়ার কয়েক মাসের মধ্যে ভাই বুলাকেও সেখানে নিয়ে যান তিনি। তারপর প্রতিবেশী যুবক চক দ্বারিবেড়িয়ার সুদীপ গুড়িয়াকেও (২৭) কাজ দেন। তিন জনে একইসঙ্গে থাকতেন। কিন্তু শনিবারের পর থেকে তাঁদের সঙ্গে আর যোগাযোগ করা যাচ্ছে না। লালু ও বুলার ভাই বলেন, দাদারা গত বছর ফেব্রুয়ারিতে এসেছিল। লকডাউনে অনেক দিন কাজ বন্ধ ছিল। শনিবারই কথা হল। বুঝতে পারছি না কী হল! কোনও খবর পাচ্ছি না। কিছুতেই যোগাযোগ করতে পারছি না। বড্ড অসহায় লাগছে। লালু, বুলার বৃদ্ধ বাবা তখন চেয়ারে বসে কাঁদছেন। মাতো কথা বলার শক্তিই হারিয়েছেন। ঝাপসা চোখে তাকিয়ে রয়েছেন দরজার দিকে। লালু, বুলার বাড়িতে তখন প্রতিবেশীদের ভিড়। একই ছবি সুদীপের বাড়িতেও। ঘরের একমাত্র রোজগেরে ছেলে। রাজ্যে কাজ জোটেনি। তাই কাজের টানেই চলে গিয়েছিলেন উত্তরাখণ্ডে। রবিবার সাধারণত ছুটিই থাকে। কিন্তু বাড়তি দুটো পয়সার জন্য কাজ করতেন রবিবারও। এমনটা হবে দুঃস্বপ্নেও ভাবেননি তাঁরা। ছোট্ট এক চিলতে ঘরে প্রতিবেশী, আত্মীয় স্বজনদের ভিড়। কিন্তু সকলেই কার্যত নিশ্চুপ। বৃদ্ধ দম্পতিকে সান্ত্বনা দেওয়ার যে ভাষা নেই তাঁদের! আর বলবেনই বা কী? কোনও অঘটন কী ঘটে গিয়েছে? নাকি তাঁদের উদ্ধার করা সম্ভব হয়েছে? সবই যে সেই কাদাগোলা জলেই ঝাপসা। মহিষাদলের ওই দুই বাড়ির পরিস্থিতি এখন উত্তরাখণ্ডের দুর্গতদের মতনই। ঘরের ছেলের 'প্রাণ থাকার' খবরটা শুধু পেতে চান তাঁরা। সুদীপের দাদা শুধু বলতে পারলেন, মুখ্যমন্ত্রী আমার ভাইকে খুঁজে দিন। এ দিন খবর পেয়ে নিখোঁজ শ্রমিকদের দুই পরিবারের সঙ্গে দেখা করতে যান তমলুকের তৃণমূল সাংসদ দিব্যেন্দু অধিকারী। পরিবারের পাশে থাকার আশ্বাস দেওয়া ছাড়াও উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াতের সঙ্গেও কথা ফোনে কথা বলেন তিনি। প্রয়োজনে রাজ্যের মুখ্যসচিবের মাধ্যমেও উত্তরাখণ্ড সরকারের সঙ্গে কথা বলে নিখোঁজ শ্রমিকদের দ্রুত খুঁজে বের করার বিষয়ে তিনি অনুরোধ করবেন বলে জানিয়েছেন দিব্যেন্দু অধিকারী। তিনি বলেন, আমি নিখোঁজ শ্রমিকদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেছি। এটা আমার দায়িত্বের মধ্যে পড়ে।

## জয়ের বিষয়ে আত্মবিশ্বাসী অনুব্রত

দুরন্ত বার্তা, বীরভূম, ৮ ফেব্রুয়ারি ঃ যে যাই বলুক। বিধানসভা নির্বাচনে খেলার শেষে ফাইনালে জিতব আমরাই। এদিন বীরভূমের সিউড়িতে বিরোধীদের উদ্দেশে চ্যালেঞ্জ ছুঁড়লেন অনুব্রত মন্ডল। হুঙ্কার দিলেন বিধানসভা নির্বাচনে জয়ের বিষয়ে আত্মবিশ্বাসী তৃণমূল জেলা সভাপতি। এদিন সিউড়িতে তৃণমূল কংগ্রেসের জেলা কার্যালয়ে সিউড়ি শহর তৃণমূল কংগ্রেসের কর্মীদের নিয়ে একটি বৈঠক করেন জেলা সভাপতি অনুব্রত মন্ডল। বৈঠকে অনুব্রত মন্ডল ছাড়াও উপস্থিত ছিলেন সিউড়ি শহর তৃণমূল কংগ্রেসের একাধিক নেতা-নেত্রীরা। বিধানসভা নির্বাচনের আগে মানুষেক সঙ্গে জনসংযোগ কীভাবে আরও বাড়াতে হবে, বিরোধীদের সাথে লড়াইয়ে রণকৌশল কী হবে, ভোটমুখী বাংলায় রাজনৈতিক লড়াইয়ে সিউড়ি শহর তৃণমূল কংগ্রেসের ভূমিকা কী থাকবে, এধরনের একাধিক বিষয়ে এদিনের বৈঠকে আলোচনা হয় বলে সূত্রের খবর। এই বৈঠকের শেষেই সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধীদের উদ্দেশে কার্যত হুঙ্কার জানিয়ে চ্যালেঞ্জ ছোঁড়েন অনুব্রত মন্ডল। একদিকে যখন বিজেপি বলছে খেলা শেষ হয়ে গিয়েছে, কেউ বা বলছেন খেলা শেষ করব আমরা, তখন উত্তরে অনুব্রত মন্ডল বলেন, খেলা তো এখনও শুরুই হয়নি! তাহলে শেষ কী করে হল? খেলা সবে শুরু হয়েছে। আর খেলার ফাইনালে জিতব আমরাই। পাশাপাশি, বৈঠকে উপস্থিত দলীয় কর্মীদের দেখিয়ে অনুব্রত মন্ডল আরও বলেন, এরা সবাই খেলোয়াড়। দেখে কি মনে হচ্ছে আমরা ক্লান্ত? কেমন স্পিড দেখতে পাচ্ছেন না? একইসঙ্গে বীরভূম জেলায় বিজেপি শীর্ষ নেতৃত্বের ৪ দিনের সফরসূচিকেও কটাক্ষ করেন তৃণমূল জেলা সভাপতি। বলেন, চার দিন কেন? সাত দিন করলে আরও ভালো হত।

## কাজ ফিরে পেতে জেলাশাসকের দারস্থ

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৮ ফেব্রুয়ারি ঃ রেলের ওপেন গুডশেডে কর্মরত শ্রমিকরা কাজ হারিয়ে বাঁকুড়ার জেলা শাসকের দারস্থ হলেন। ঘটনার বিবরণে জানা গেছে বাঁকুড়া রেলওয়ে গুডস সেডের ওপেন সেডে পাঁচ শতাধিক পুরুষ ও মহিলা শ্রমিক বিগত কয়েক বছর লোডিং, আনলোডিং ও সুইপিং-এর কাছে যুক্ত আছেন। এই সমস্ত শ্রমিকরাই ওপেন সেড সংলগ্ন বেলগড়িয়া, নূতনপটী বাউরীপাড়া, আশ্রম পাড়া, বিবেকানন্দ পল্লী ও কেঠোরডাঙার বাসিন্দা। সম্প্রতি ওই সেডে কয়লা আসা শুরু হয়েছে এবং 'নীলকান্ত ট্রান্সপোর্ট' নামে যে সংস্থা ওই কাজের ক্লিয়ারিং এন্ড ফরোওয়াডিং এজেন্ট নিযুক্ত হয়েছে তাঁরা ডাম্পারের মাধ্যমে লোডিং-আনলোডিং'এর কাজ শুরু করায় ওই পাঁচ শতাধিক শ্রমিক কর্মহীন হয়ে পড়েছেন। মেসিন বাদ দিয়ে কায়িক শ্রমের মাধ্যমে এই কাজ চালু রাখা তথা হারানো কাজ ফিরিয়ে দেওয়ার দাবীতে ওই শ্রমিকরা একদিন অবরোধ করলে বেশ কয়েক ঘন্টা ডাম্পারগুলি আটকে পড়ে। শেষ পর্যন্ত পুলিশের অনুরোধে সেই অবরোধ তুলে নেওয়া হয়। ইতিমধ্যে শ্রমিকদের পক্ষ থেকে এই ব্যাপারে বাঁকুড়ার মাননীয় জেলা শাসকের হস্তক্ষেপের প্রার্থনা জানিয়ে আবেদনও জানানো হয়েছে। কিন্তু এখনও পরিস্থিতির কোন পরিবর্তন হয়নি। বামপন্থী শ্রমিক সংগঠন সিআইটিইউর জেলা সহ সভাপতি প্রতীপ মুখার্জী বলেন, শ্রমিকদের দাবীগুলির সমর্থনে এবং আন্দোলনের পরবর্তী কার্যক্রম সম্পর্কে পরামর্শ গ্রহণ করতে আজ এক কনভেনশন ডাকা হয়েছে। ওই কনভেনশনেই পরবর্তী পদক্ষেপ স্থির করা হবে।

## বাঁকুড়ায় অবৈধ কয়লা খনিতে সিবিআই হানা

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৮ ফেব্রুয়ারি ঃ সম্প্রতি কয়লা পাচার রোধে রাজ্যজুড়ে ইতিমধ্য তদন্ত শুরু করেছে সিবিআই। আর তাই পশ্চিম বর্ধমানের পর অবৈধ কয়লা কাণ্ডে এবার বাঁকুড়ার মেজিয়ায় সিবিআই হানা। সোমবার সপ্তাহের শুরুতেই সিবিআই হানা দেয় ৩০ জনের একটি টিম নিয়ে। দিনভর তল্লাশি চালায় ওই এলাকার অবৈধভাবে গড়ে ওঠা কয়লা খনিগুলিতে। বেআইনি কয়লা কারবারের তথ্য জানতে গ্রামবাসীরদের সাথে কথাও বলেন। স্ক্যানার মেশিন দিয়ে ক্ষতিয়ে দেখা হয় ভূগর্ভস্থ কতটা গভীরতা পর্যন্ত অবৈধ ভাবে উত্তোলন করা হয়েছে কয়লা। মেজিয়া ব্লকের কালিকাপুর, ভুলুই সহ বহু অবৈধ খনিগুলিতে হানা দিল সিবিআই প্রতিনিধি দলটি। কিভাবে কোথায় পাচার করা হত ওই এই বিপুল পরিমান কয়লা তা খতিয়ে দেখতেই তদন্ত বলে অনুমান স্থানীয়দের। দলটির সাথে কেন্দ্রীয় বাহিনী ছিল বলে জানা যায়। সিবিআই প্রতিনিধি দলটি গ্রামবাসীদের সাথে কথা বললেও সাংবাদিকদের কাছে মুখ খুলতে চাননি। ভোটের আগে সিবিআই দেখিয়ে রাজ্যের মানুষকে চমকাতে চান বিজেপি, এমনই দাবী বিরোধীদের একাংশের।

## পিকনিকে দূষণ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৮ ফেব্রুয়ারি ঃ বিট অফিস থেকে ঢিল ছোড়া দুরত্বে অবৈধভাবে বনের ভিতর মাইক বাজিয়ে পিকনিক করছেন বহু অসাধু ব্যক্তি। উচ্চতর সাউন্ডেই প্রতিনিয়ত মাইক বাজিয়ে বন্যপ্রাণীদের অসুবিধে করে আনন্দে মেতে বহু দূর-দূরান্ত থেকে আসা পর্যটকরা। ঘটনাটি আলিপুরদুয়ার জেলার চুনিয়াঝোড়া বিট সংলগ্ন ঢিলছোড়া দুরত্বে ফাঁসখাওয়া পিকনিক স্পটে। অভিযোগ, বনের ভিতর পিকনিক বহু জায়গাতেই নিষিদ্ধ এবং মাইক বাজানো একেবারেই বন্ধ তবুও প্রশাসনের নাকের ঠকায় এমন ঘটনায় হুঁশ নেই প্রশাসনের বলে অভিযোগ করছেন পরিবেশ প্রেমীরা। এছাড়াও বনের ভিতর অবৈধ মদের ব্যবসায় অভিযোগও উঠেছে। একাধিক জায়গায় মদের ভাঙা বোতলের চিত্র উঠে এসেছে। বিষয়টি নিয়ে স্থানীয়রা মুখ খুলতে চাইলেও কিছু ব্যক্তির ভেয়ে তাঁরা মুখছেন না। অনেকের অভিযোগ বনের ভিতর এমন পিকনিক বন্ধ করা প্রয়োজন। মাইক বাজানো, মদের অবৈধ ব্যবসা হচ্ছে। এই বিষয়ে বনদপ্তরে হাতিপোতা রেঞ্জের রেঞ্জার উত্তম সরকার বলেন, আমরা একাধিক বার বন্ধ করে দিয়েছি তবুও চলছে। বিষয়টি অবৈধ, কোন পারমিশন নেই পিকনিকের।

## অবস্থান বিক্ষোভ

দুরন্ত বার্তা, ইসলামপুর, ৮ ফেব্রুয়ারি ঃ ষাট বছর বয়স পর্যন্ত চাকরিতে কর্ম নিশ্চয়তা প্রদান করতে হবে এবং ষষ্ঠ বেতন কাঠামো অনুযায়ী বেতন প্রদান করতে হবে সহ বেশ কয়েক দফা দাবিকে সামনে রেখে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের অধীনস্থ জাতীয় গ্রামীন কর্ম নিশ্চয়তা প্রকল্পের আওতাভুক্ত কর্মীরা লাগাতার অবস্থান বিক্ষোভে সামিল হলেন। সোমবার রাজ্যের বিভিন্ন ব্লকের মত চোপড়া, ইসলামপুর ও গোয়ালপোখরে তাদের এই কর্মসূচিতে সামিল হলেন অনেক কর্মীই। চোপড়ায় উদ্যোক্তাদের পক্ষে প্রবীর চ্যাটার্জী জানান, দীর্ঘ ১৪ বছর ধরে তারা কাজ করছেন। কিন্তু সংশ্লিষ্ট কোনো নিশ্চয়তা তারা পাননি। এর আগে তাদের বেতন চুক্তিভিত্তিক থাকলেও একটি স্কেল মানা হতো। বর্তমানে তা হচ্ছে না। বিষয়টি পঞ্চায়েতে জানানো হয়েছে। সেখান থেকে প্রতিশ্রুতি পেলেও আদৌ দাবি পূরণ হয়নি। তাই দাবি পূরণ না হওয়া পর্যন্ত রাজ্যজুড়ে তাদের লড়াই অব্যাহত থাকবে বলে জানান তিনি।

## প্রতিবাদে রাস্তায়

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৮ ফেব্রুয়ারি ঃ পেট্রল, ডিজেল, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ও রান্না গ্যাসের মূল্য বৃদ্ধির প্রতিবাদে আন্দোলনে নামলো তৃণমূল ছাত্র পরিষদ। নিত্য প্রয়োজনীয় ও পেট্রোল-ডিজেলের দাম প্রতিদিন বাড়ছে, বিপাকে সাধারণ মানুষ। এর প্রতিবাদে কেন্দ্রের মোদি সরকারকে ধিক্কার জানিয়ে সোমবার আন্দোলনে নামলেন জলপাইগুড়ি তৃণমূল ছাত্র পরিষদের নেতা-কর্মীরা। এদিন শহরের থানা মোড় থেকে সাইকেল নিয়ে র‍্যালি করে শহরের ডিবিসি রোডের এক পেট্রল পাম্পের সামনে হাজির হন নেতা-কর্মীরা। র‍্যালিতে বাইক হাটিয়ে নিয়ে আসা হয়।

## প্রতিবেশী গৃহবধূকে ধর্ষণের চেষ্টা

দুরন্ত বার্তা, মালদা, ৮ ফেব্রুয়ারি ঃ প্রতিবেশী গৃহবধূকে ধর্ষণের চেষ্টা এবং শ্লীলতাহানির অভিযোগ উঠলো স্থানীয় এক তৃণমূল কর্মীর বিরুদ্ধে। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার থানার যদুপুর ২ গ্রাম পঞ্চায়েতের গোয়ালপুর এলাকায়। সোমবার বিষয়টি জানতে পেরে নির্যাতিতা ওই গৃহবধূকে সঙ্গে নিয়ে ইংরেজবাজার থানায় অভিযোগ জানাতে আসেন বিজেপির জেলার মহিলা মোর্চার সদস্যরা। পাশাপাশি অভিযুক্ত তৃণমূল কর্মীকে অবিলম্বে গ্রেফতারের দাবি তোলা হয় বিজেপির মহিলা মোর্চার তরফ থেকে। এই ঘটনাকে ঘিরে রাজনৈতিক উত্তেজনা ছড়িয়েছে যদুপুর ২ গ্রাম পঞ্চায়েত এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, যদুপুর-২ গ্রাম পঞ্চায়েতের গোপালপুর পাড়ায় রবিবার মায়ের বাড়িতে ঘুরতে আসেন ওই গৃহবধূ ও তার স্বামী। প্রতিবেশী যুবক নারায়ণ মন্ডল রবিবার রাত বারোটা নাগাদ জল খাওয়ার নাম করে দরজা খুলতে বলে ওই গৃহবধূকে। ঘরের দরজা খুলতেই ওই গৃহবধূকে জাপটে ধরে ধর্ষণের চেষ্টা করে অভিযুক্ত যুবক বলে অভিযোগ। ওই গৃহবধূ চিৎকার শুনে তার স্বামী মুন্না মন্ডল ঘর থেকে বেরিয়ে তাকে ধরার চেষ্টা করলে সে পালিয়ে যায়। এই ধরনের ঘটনা এর আগেও অভিযুক্ত ওই যুবক ঘটিয়েছে বলে পরিবারের অভিযোগ। এরপরই ওই গ্রামে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এদিকে সোমবার এই ঘটনার প্রতিবাদ জানিয়ে নির্যাতিত গৃহবধূ সহ পরিবারের লোকজনকে সঙ্গে নিয়ে ইংরেজবাজার থানার দ্বারস্থ মালদা জেলা ভারতীয় জনতা পার্টির মহিলা মোর্চার সদস্যরা। মহিলা মোর্চার জেলা সভাপতি সুতপা মুখার্জি জানিয়েছেন, এলাকারই এক তৃণমূল কর্মী অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত রয়েছে বলে আমরা জানতে পেরেছি। পুরো বিষয়টি নিয়ে পুলিশে অভিযোগ জানানো হয়েছে, পুলিশ যদি না ব্যবস্থা নেয় তা হলে বৃহত্তর আন্দোলনে নামার হুমকি দিয়েছেন তিনি। এদিকে এই ঘটনার পিছনে তৃণমূলের কোন যোগ নেই বলে পাল্টা দাবি করেছেন দলের জেলার মুখপাত্র শুভময় বসু। তিনি বলেন, এই ধরনের ঘটনার সঙ্গে রাজনীতির জুড়ে দেওয়া হচ্ছে। তৃণমূলের বিরুদ্ধে ভিত্তিহীন দাবি করা হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে, অভিযোগের পরিপ্রেক্ষিতে পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে।

## পিপিই কিট পরে ভয়াবহ ডাকাতি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৮ ফেব্রুয়ারি ঃ করোনা সংক্রমণ এড়ানোর অন্যতম হাতিয়ার পিপিই কিট। সেই পিপিই কিট পরে নিরাপত্তারক্ষীকে বেঁধে সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতি চালালো একদল দুষ্কৃতী। সিসিটিভি থেকে পাওয়া সেই ভিডিয়ো ভাইরাল হতেই চাঞ্চল্য ছড়াল নেট দুনিয়ায়। জানা গিয়েছে, রবিবার রাতে জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের ফুলবাড়ি এশিয়ান হাইওয়ে-২ সংলগ্ন ফুলবাড়ি বাজারে একটি সোনার দোকানে নিরাপত্তারক্ষীকে বেঁধে দোকান লুঠ করে কয়েকজন দুষ্কৃতী। কেউ যাতে চিনতে না পারে তাই পাঁচ-সাতজনের এই ডাকাত দলে প্রত্যেকের পরনে ছিল পিপিই কিট। দোকানের সাটার ভেঙে ধারাল অস্ত্র নিয়ে ভিতরে ঢোকে দুষ্কৃতীরা। শো-কেসে থাকা সোনা ও রুপার গয়না নেওয়ার পর সিন্দুকে থাকা সোনা লুঠের জন্য দড়জা ভাঙে তারা। তবে শেষে লকার ভাঙতে না পেরে বাদবাকি জিনিস নিয়েই চম্পট দেয় তারা। দোকান মালিক রণদীপ মণ্ডলের কথায়, রাতে বড়সড় ডাকাতদল হানা দেয় আমাদের দোকানে। আমাদের একজন নাইটগার্ডকে বেঁধে রাখে। তবে অপর নাইটগার্ড পালিয়ে গিয়ে পাশের এলাকার নিরাপত্তারক্ষীদের খবর দেয়। কিন্তু তারা কেউই আসতে চায়নি। সব মিলিয়ে তাঁর দু'লক্ষ টাকার ক্ষতি হয়ে গিয়েছে বলে জানান দোকান মালিক। প্রসঙ্গত, এশিয়ান হাইওয়ে সংলগ্ন এই বাজারটিতে আগেও চুরি হয়েছে। তবে পিপিই কিট পরে এমন অভিনব ডাকাতির ঘটনা এই প্রথম। তারপর কয়েকদিনের মধ্যে ফের রবিবার রাতের ডাকাতির ঘটনায় পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় ব্যাবসায়ীরা। এই ডাকাতির ঘটনার তদন্তে নেমেছে এনজেপি থানার পুলিশ। তাদের তদন্তে সাহায্য করছেন শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের এসইপি পূর্ব সুরেন্দ্র কুমার। গত জানুয়ারি মাসে ঠিক এমনই একটি ঘটনা ঘটেছিল দিল্লির কালকাজির একটি সোনার দোকানে। পিপিই কিট পরে প্রায় ২০ কোটি টাকার সোনার গয়না চুরি করে এক দুষ্কৃতী। তবে সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে সেই চুরির কিনারা করে পুলিশ। জানা যায়, ওই দোকানের কর্মীই অপমানের প্রতিশোধ নিতে রাতের অন্ধকারে পিপিই কিট পরে দোকান লুঠ করে।

## গলার নলি কেটে যুবককে খুন

দুরন্ত বার্তা, কোচবিহার, ৮ ফেব্রুয়ারি ঃ পারিবারিক অশান্তির জেরে ছেলের গলার নলি কেটে খুনের অভিযোগ উঠল বাবা এবং মায়ের বিরুদ্ধে। খুনে জড়িত থাকার অভিযোগ উঠেছে নিহতের স্ত্রী এবং ভাইয়ের বিরুদ্ধেও। চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে কোচবিহারের এক নম্বর ব্লকের হাঁড়িভাঙা এলাকায়। রবিবার রাতের ওই ঘটনায় ৪ অভিযুক্তকেই গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রবিবার রাতে হাঁড়িভাঙা এলাকার বাসিন্দা জয়ন্ত কুমার সরকারকে ধারাল অস্ত্র দিয়ে গলা কেটে খুন করেন তাঁর বাবা তপন সরকার এবং ছায়ারানি সরকার। হত্যাকাণ্ডে জয়ন্তের এক ভাই এবং তাঁর স্ত্রী ও জড়িত বলে তদন্তকারীদের দাবি। খবর পেয়ে ঘটনাস্থলে যায় কোচবিহার কোতয়ালি থানার পুলিশ। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে কোচবিহার মেডিক্যাল কলেজ হাসপাতালে। জয়ন্তের বাবা, মা, স্ত্রী এবং ভাইয়ের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করেছেন তাঁর আরেক ভাই। কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার কুমার সানি রাজ বলেন, 'নিহত এবং অভিযুক্তরা সকলেই একই পরিবারের। প্রাথমিক তদন্তে অনুমান করা হচ্ছে, পারিবারিক ঝামেলার জেরেই জয়ন্তকে গলা কেটে খুন করা হয়েছে।' এমন কাণ্ডে স্তম্ভিত এলাকার বাসিন্দারা। ঘটনার কথা মনে করে শিউরে উঠছে তাঁরা।

**Name Change**

I, SHOHAIL AKHTAR D/O EJAZ AKHTER resident of 3 rd Floor, Flat-C3, 16B, Sandal Street, Park Street, Kolkata-700016, WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) SOHAIL AKHTAR, vide an affidavit sworn before the notary public at Kolkata on 08/02/2021.

**Name Change**

I, REKHANA BEGUM D/O SK NOORA resident of 40/4A, Ekbalpore lane, PO-Khiderpore, Kolkata-700023, WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) REHANA BEGUM, vide an affidavit sworn before the notary public at Kolkata on 08/02/2021.

**Office of the Garafusra Gram Panchayat**
**Under Purulia-I Dev. Block**

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of the similar nature of works. Work completion Period: 30 Days.

**Notice Inviting Tender No-005/2020-21**
**Notice Inviting Tender No-006/2020-21**
**Notice Inviting Tender No-007/2020-21**
**Notice Inviting Tender No-008/2020-21**
**Notice Inviting Tender No-009/2020-21**
**Notice Inviting Tender No-010/2020-21**

Date of Sale of Tender Form on any working day from 17/02/2021 up to 2 PM. Last date of dropping of sealed tender form on or before 19/02/2021 up to 1.00 PM. Date of Opening of Tender 19/02/2021 at 02.00 PM. For details please visit office of the undersigned on any working days.

**Sd/- Prodhan**
**Garafusra Gram Panchayat**

**DASGHARA 1 GRAM PANCHAYAT**
**Rojipur, Nelorpar, HOOGHLY**
**Notice Inviting Tender No: 539/Das-1/2020-21 Date:- 05/02/2021**

Sealed Tender are invited from the experienced and resourceful bidder for execution of the work(s) mentioned below:

| Sl. No. | NAME OF WORK | FUND | Estimated Amount (Rs.) | Earnest Money (Rs.) |
|---|---|---|---|---|
| 1 | Instn. Of new street light at various sansad | PBG-IBRD | 114926.00 | 2299.00 |
| 2 | Repairing of street Light at various sansad | 4 TH SFC | 193316.00 | 3688.00 |

*Time of completion of works: 7 days.

Date of sale of tender Form on any working day from 05.02.2021 to 12.02.2021 from 11am to 1.00 pm. Last Date of dropping of Sealed Tender form on or before 12.02.2021 up to 3.00 pm. Date of Opening of Tender 13.02.2021 at 3.00 p.m. All details will be available from the office of the undersigned on working days.

**Sd/-Prodhan**
**Dasghara 1 Gram Panchayat**

**BAGDA GRAM PANCHAYAT**
**Vill-Gopalpur, P.O.-Gopalpur, Dist-Purulia, Pin-723151**

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of the similar nature of works. Work completion Period: 30 Days.

**Notice Inviting Tender No-007/BGP/2020-21**
**Notice Inviting Tender No-008/BGP/2020-21**
**Notice Inviting Tender No-009/BGP/2020-21**
**Notice Inviting Tender No-010/BGP/2020-21**

Source of Fund: 15 th FC. Date of Sale of Tender Form on any working day **from 03/02/2021 to 10/02/2021 (from 12.00 AM to 03.00 PM).** Last date of dropping of sealed tender form on or before **11/02/2021 up to 11.00 AM.** Date of Opening of Tender 11/02/2021 at 01.15 PM. For details please visit office of the undersigned on any working days.

**Sd/- Prodhan**
**Bagda Gram Panchayat**

**BASUBATI GRAM PANCHAYAT**
**P.O.-Basubati, P.S.-Singur, DIST.-Hooghly**
**NOTICE INVITING TENDER**

Tender are invited by Prodhan, Basubati GramPanchayatfor bonafied resourceful contractor for different works of **NIT NO-010/BGP/2021, Dt.- 08/02/2021**, Fund:-BEUP, No. of Schemes-02 Nos. NIT has been published and for details information visit our Gram Panchayat Office.

**Sd/- Prodhan**
**Basubati Gram Panchayat**

**TENDER**

**Name Change**

I, undersigned Avijit Karar, S/O- Madan Mohan Karar, R/O- 13/3, Ichapur Road, Kadamtala, P.S. Bantra, Howrah- 711101, declare that on behalf of myself, my wife, children & remitter issue, I wholly renounce & abandon the use of my former name of Abhijit Kumar Karar in place thereof I do hereby assume from this date the name Avijit Karar for all purpose, by an affidavit from Notary Public, Kolkata on 08.02.20

**MARDA COMMERCIAL & HOLDINGS LIMITED**
CIN: L65928WB1990PLC048280
Regd. Off.: 11, Crooked Lane, First Floor, Room No. 7 P.S.-Hare Street, Kolkata WB 700069
Web: www.mchl.co.in
Email: info@mchl.co.in

**NOTICE**

Pursuant to Regulation 29(1)(a) and 47(1)(a) of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, Notice is hereby given that a meeting of the Board of Directors of the Company will be held at the Corporate Office of the Company at 01, functional Industrial estate, patparganj, Delhi 110092 on 14th February, 2021, at 03.30 pm to consider, inter alia, unaudited financial results for the Quarter ended on 31st December, 2020 and the trading window of Company will remain closed for promoters, directors, other connected persons and designated employees of the Company from 01st January 2021 to 15th February 2021 (both days included). The said intimation is also available on the Company's website at www.mchl.co.in.

For Marda Commercial & Holdings Ltd.
Place : Kolkata Daulat Ram Agarwala
Date : 08.02.2021 Managing Director

**R.K.WIRE PRODUCTS LTD.**
CIN: L17233WB1983PLC036846
Regd. Off.: Unit No. 1507, 15th Floor, Block EP & GP, Sector V, Salt Lake Kolkata -700091
Email: info@rkwire.com
webiste : www.rkwire.com

**NOTICE**

Notice is hereby given that pursuant to Regulation 29(1)(a) read with Regulation 47(1)(a) of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, a meeting of the Board of Directors of the Company will be held on Saturday, 13th February, 2021 at 11.00 A.M. at the Registered office of the Company at Unit No. 1507, 15th Floor, Salt Lake Kolkata- 700091, to consider and approve the Unaudited Financial Results of the Company for the Quarter ended 31st December 2020.

On behalf of the Board
For R.K.Wire Products Ltd.
Binod Kumar Bagaria
Director
Place : Kolkata
Date : 07.02.2021 (DIN: 00484802)

**e-Tender**
**N.I.T no-WBMAD/e-Tender/14 (2nd Call) of EE (N24)-2020-21, Date-08/02/2021.**

The Executive Engineer, M.E. Dte (Authorized Signatory) on behalf of the District Magistrate, North 24 Pgs, invites e-Tender for different development work under " Paray Samadhan" within Bashirhat Municipality are from the eligible Contractors, having all relevent documents for TENDER (As per Govt. Norms) required [Collection (downloading) and Submission (uploading)] of Tender can be made online through **https://wbtenders.gov.in** Bid submission end date: **19/02/2021.**

**Sd/- Executive Engineer**
**North 24 Pgs. Divn. M.E. Dte**

**ABRIDGE TENDER NOTICE**

Sealed tenders are invited against **NIT No.- 03/MTN/MID Of 2020-21** by the Assistant Engineer(A-M), Midnapore(A-M) Sub-Division on behalf of the Governor of the West Bengal for the work of "Extension of North side Godown for Storing departmental materials at Midnapore(A-M) Sub-Division under Midnapore (A-M) Division". Last date of application for tender form:-**19.02.2021 upto 4.00 P.M.** Further details will be available at the office of the undersigned within 11.00 A.M. to 4.00 P.M. in any working days.

**Sd/- Assistant Engineer (Agri-Mech), Midnapore (Agri-Mech) Sub-Division Abash, Paschim Medinipur**

**Tender Notice (Abridged) No. NIT No-13/AE (BSSD)/PHE/2020-21**

Assistant Engineer, Birbhum Sadar Sub-Division,PHE Dte, Suri, Birbhum invites tender for " Different Works under Birbhum Sadar Sub-Division, PHE Dte, within Birbhum Division P.H.E. Dte." Last date of dropping is 15.02.2021 for details visit Official website "**www.wbphed.gov.in**" & Office Notice Board.

**Sd/- Assistant Engineer**
**Birbhum Sadar Sub-Division, P.H.E.Dte.**

**TENDER NOTICE**

Chairperson, Board of Administrators, Dankuni Municipality, invites Tender for Construction of Cement Concrete Road & Surface Drain & Sidewall, R.C.C Slab, Repairing of Road Protection Wall with U.C Bullah Pilling, Fitting & Fixing of Steel Railing, Laying of Pipe Line including Supply of Pipe & Accessories, Repairing of Leakage in Existing Pipe Line, Supply, Delivery Erection & Installation of 12.5mtr, Polygonal High Must Tower LED Light System and Supply, Erection & Commissioning of 10mtr, Octagonal High Must Tower System at different Ward under Dankuni Municipality for **N.I.T. No-118 to 146/DKM/2020- 21, Dt-08/02/2021.** Last Date of Tender Dropping-**15/02/2021.** Details may be seen from the official website of Dankuni Municipality & Office Notice Board.

**Sd/- Chairperson**
**Board of Administrators**
**Dankuni Municipality**

**SHUBH LABH INVESTMENTS LIMITED**
Regd. Off: Sinoco, 12, B.B.D. Bag (East), 1st Floor, Kolkata-700001
Ph. No(033)4062 0004, Fax: (033) 2211 9685, E-mail: shubhlabhinvestments@gmail.com
CIN: L65993WB1980PLC033083

**EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER/NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2020**
(Rs. in Lakhs)

| Sl No. | Particulars | Quarter ended 31.12.2020 | Nine Months ended 31.12.2020 | Previous Quarter ended 31.12.2019 |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations(Net) | 0.00 | 0.00 | 0.00 |
| 3 | Net Profit/ (Loss) for the period after Tax (before & after Extraordinary items) | (0.50) | (1.42) | (0.43) |
| 4 | Equity Share Capital | 114.80 | 114.80 | 114.80 |
| 5 | Reserves (excluding Revaluation Reserves as shown in the Balance Sheet of previous year) | 121.45 | 121.45 | 121.45 |
| 6 | Earnings per Share (EPS) (before & after Extraordinary items) (of Rs.10/- each) | | | |
| | Basic(Rs.) | (0.30) | (0.01) | (0.03) |
| | Diluted(Rs.) | (0.30) | (0.01) | (0.03) |

Notes:
1 The above unaudited financial results as reviewed by the Audit Committee and approved by the Board of Directors in their meeting held on February 8, 2021.
2 The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirements) 2015.
3 Previous periods' figures have been regrouped/rearranged wherever necessary.

For Shubh Labh Investments Limited
Sd/-
Place : Kolkata Bhavika Agarwal
Date : 08.02.2021 Director

**USHITA TRADING AND AGENCIES LIMITED**
Regd. Off: 52, Weston Street, Kolkata-700012, Ph. No: (033)4062 0004,
Fax: (033) 2211 9685, E mail: ushitatrading1983@gmail.com
CIN : L51109WB1983PLC035858

**EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER/NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2020**
(Rs. in Lakhs)

| Sl No. | Particulars | Quarter ended 31.12.2020 | Nine Months ended 31.12.2020 | Previous Quarter ended 31.12.2019 |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations(Net) | 0.00 | 0.00 | 0.00 |
| 3 | Net Profit/ (Loss) for the period after Tax (before & after Extraordinary items) | (0.27) | (1.70) | (1.91) |
| 4 | Equity Share Capital | [illegible] | [illegible] | [illegible] |
| 5 | Reserves (excluding Revaluation Reserves as shown in the Balance Sheet of previous year) | 1216.40 | 1216.40 | 1216.40 |
| 6 | Earnings per Share (EPS) (before & after Extraordinary items) (of Rs.10/- each) | | | |
| | Basic(Rs.) | (0.00) | (0.00) | (0.00) |
| | Diluted(Rs.) | (0.00) | (0.00) | (0.00) |

Notes:
1 The above unaudited financial results as reviewed by the Audit Committee and approved by the Board of Directors in their meeting held on February 8, 2021.
2 The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirements) 2015.
3 Previous periods' figures have been regrouped/rearranged wherever necessary.

For Ushita Trading And Agencies Limited
Sd/-
Place : Kolkata Swarup Kumar Dey
Date : 08.02.2021 Director

**Hooghly-Chinsurah Municipality**
**Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly**
**Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092**
**Notice for invitation Tender**
**Tender Notice No- 08/HCM/Eng/2021 Dated-08.02.2021 Memo No- 533 /HCM/Eng/D.P**

Sealed Tenders are invited from the experience and reliable contractors for the work of Construction of drain, ward no-14, under HCM, under , 14 th Finance fund. Details information will be available from Municipal office **09.02.2021 within 10.00 A.M upto 15.02.21 at 2.00 P.M.** Purchase of Tender paper Dated **18.02.21 on 2 P.M** & dropping date: **19.02.21 at 2.00 P.M.** For details information please visit website-**https://wbtenders.gov.in**

**Sd/-Chairperson**
**Board of Administrators**
**Hooghly Chinsurah Municipality**

**HirbandH Gram Panchayat**
**Vill : Tilaboni P.O.- Bauridiha**
**P.S.- Hirbandh , Dist.- Bankura**
**NIeT No-14/HirGP/2021**

Pradhan, Hirbandh Gram Panchayat invites manual Tender of different construction works details of which are available at the Notice Board of Hirbandh Gram Panchayat, PO – Bauridiha, Dist. – Bankura and **www.wbtenders.gov.in**

**Sd/-Pradhan**
**Hirbandh Gram Panchayat**

**HirbandH Gram Panchayat**
**Vill : Tilaboni P.O.- Bauridiha**
**P.S.- Hirbandh , Dist.- Bankura**
**NIT No-12/HirGP/2021**
**NIT No-13/HirGP/2021**

Pradhan, Hirbandh Gram Panchayat invites manual Tender of different construction works details of which are available at the Notice Board of Hirbandh Gram Panchayat, PO- Bauridiha, Dist. - Bankura

**Sd/-Pradhan**
**Hirbandh Gram Panchayat**

**NAPARA GRAM PANCHAYAT**
**NAPARA*PUNCHA*PURULIA**

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of the similer nature of work .Work completion period 30 days.

**Notice inviting Tender No-004/NGP/2020-21**

Date of sale of Tender form on an working day **from 05/02/2021 to 11/02/2021 (From 11 am to 4 pm).** last date of dropping of sealed Tender from on or before **12/02/2021 up to 2.00pm.** Date of opening tender **12/02/2021 at 3.00 pm.** For details please visit office of the undersigned on any working days

**Sd/- Pradhan**
**Napara Gram Pancahayat**
**Napara*Puncha*Purulia**

**হাওড়া পৌর নিগম**
৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-১

নং.- ডব্লু.বি-এইচ.এম.সি./ এন.আই.টি/ ইডি-০৯/ ই.ই.-২/ বি.ই.ইউ.পি./ ২০২০-২১
তারিখ ঃ- ০৩.০২.২০২১

-ঃ ই-টেন্ডার বিজ্ঞপ্তি ঃ-

হাওড়া পৌর নিগমের নির্বাহী প্রযুক্তিবিদ ( রোডস) কর্তৃক অভিজ্ঞ ঠিকাদারের নিকট হইতে হাওড়া পৌর নিগমের অন্তর্গত এলাকায় সিমেন্ট কংক্রীট দ্বারা বিভিন্ন রাস্তার উন্নতিকরন কাজের জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। এই সম্পর্কিত কাজের বিস্তারিত বিবরন এই পৌর নিগমের ইই-২ ( রোড) বিভাগে ও www.wbtenders.gov.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৯.০২.২০২১ (অনলাইন) বিকাল ৫টা পর্যন্ত।
কোনরূপ কারণ উল্লেখ ব্যতীত টেন্ডার গ্রহণ ও বাতিলের অধিকার পৌর নিগমের সংরক্ষিত।

নির্বাহী প্রযুক্তিবিদ
হাওড়া পৌর নিগম
১৬৯(৩)/২০-২১ ৮.০২.২০২১